দৈনিক সংবাদ

৭০

তারিখ ৭।১১।২০০০
পৃষ্ঠা ১২ কলাম ৪

## ছাত্রলীগ দু গ্রুপে সংঘর্ষ

# ঢাকা ডেন্টাল কলেজ বন্ধ ঘোষণা ছাত্রদের হল ছেড়ে দেয়ার নির্দেশ

নিজস্ব বার্তা পরিবেশক ঃ ঢাকা ডেন্টাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে ছাত্রদেরকে হল ছেড়ে চলে যেতে নির্দেশ দেয়া হয়েছে। গতকাল সোমবার সকালে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তে এ ঘোষণা দেয়া হয়। ছাত্রলীগের দু গ্রুপের সংঘর্ষের কারণে সৃষ্ট পরিস্থিতিতে এ ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া সোবহানবাগস্থ কলেজের ছাত্রাবাসে পুলিশ মোতায়েন করা হয়েছে। ছাত্রাবাসের বিভিন্ন রুমে আটক রাখা ১০/১২ জন ছাত্রকে পুলিশ ৪ ঘন্টা পর রোববার রাতে তালা ভেঙে উদ্ধার করেছে।

ডেন্টাল কলেজ সূত্রে জানা গেছে, গত রোববার রাতে ছাত্রলীগের একটি গ্রুপ আগ্নেয়াস্ত্র নিয়ে সোবহানবাগস্থ ছাত্রাবাসটি দখল করে। তারা ছাত্রাবাসের কমনরুমসহ ৭/৮টি রুমে তালা বন্ধ করে দেয়। এ সময় রুমের ভিতরে আটক ছাত্রদের চিৎকারে অন্যান্য রুমের ছাত্ররা বের হয়ে এসে এর প্রতিবাদ করে। এখন বিতাড়িত গ্রুপ কয়েক রাউন্ড গুলি ছোড়ে। এ সময় হলে অবস্থানরত ছাত্ররা মিছিল বের করে। পরবর্তীতে মোহাম্মদপুর থানা পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং ছাত্রাবাসের কয়েকটি রুমের তালা ভেঙে আটক ছাত্রদের উদ্ধার করে। ছাত্রাবাসে ছাত্রলীগের দু গ্রুপের শক্তির মহড়া দেখে রোববার রাতে কলেজের শিক্ষকরা পুলিশের উপস্থিতিতে ছাত্রদেরকে ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেন। ছাত্ররা ছাত্রলীগের কেন্দ্রীয় নেতাদের উপস্থিতিতে হল ছেড়ে দেয়। গভীর রাতে পুলিশ হল তল্লাশি করে ১টি রিভলবার, ১টি বন্দুক ও ১৯ রাউন্ড গুলি উদ্ধার করে।

পুলিশ জানায়, সোবহানবাগস্থ ছাত্রাবাসে সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে গত জুন মাসে ২ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। তারা হচ্ছে, আসাদুজ্জামান সরোয়ার ও একরামুল হক হিট্টু। তাদের বিরুদ্ধে গত ৮ই জুন মোহাম্মদপুর থানায় জননিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়েছিল। ওই মামলায় ২ জনের বিরুদ্ধে পুলিশ চার্জশিট দিয়েছে। চার্জশিটের পরিপ্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন। পরে তাদের হল থেকে বিতাড়িত করা হয়। গত রোববার রাতে তাদের গ্রুপ আগ্নেয়াস্ত্র নিয়ে চর দখল করার মতো হল দখল করে।

তাদের এ দখলকে চ্যালেঞ্জ করে ছাত্র সংসদের ভিপি রাকিব ও জিএস টুটুল পাল্টা প্রতিরোধ গড়ে তোলে, পরবর্তীতে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

গতকাল বিকেলে সরেজমিনে ডেন্টাল কলেজ ছাত্রাবাসে গিয়ে কোন ছাত্রকে পাওয়া যায়নি। এ সময় হল সুপার ডা. আবুল কালাম আজাদ এ প্রতিবেদককে জানান, ছাত্রাবাসে ১শ ৬০ জন ছাত্র থাকার কথা। থাকত প্রায় ২শ ছাত্র। তাদের মধ্যে ছাত্রলীগ সমর্থক দু গ্রুপ হল ও ক্যাম্পাস দখলে নেয়ার চেষ্টা করে। এরই পরিপ্রেক্ষিতে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী কলেজ ও হল বন্ধ ঘোষণা করা হয়েছে। তবে ছাত্রাবাসে গুলি বা বোমা বিস্ফোরণ হয়নি বলে তিনি জানান।

এ ব্যাপারে ডেন্টাল কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক ডা. নাসিরুল ইস-লামের সঙ্গে যোগাযোগ করলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে এলে কলেজ খোলা হবে বলে জানান।

এ ব্যাপারে ডেন্টাল কলেজের অধ্যক্ষ ডা. মোজাম্মেল হোসেনের সঙ্গে ফোনে যোগাযোগ করলে তিনিও ঘটনার সত্যতা স্বীকার করেন।